# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭৩

১/ বিবিধ

আরবী

فكرة ساعة خير من عبادة ستين سنة

موضوع

أخرجه أبو الشيخ في " العظمة " (1 / 297 / 42) وعنه ابن الجوزي في " الموضوعات " (3 / 144) من طريق عثمان بن عبد الله القرشي حدثنا إسحاق بن نجيح الملطي حدثنا عطاء الخراساني عن أبي هريرة مرفوعا، وقال: عثمان وشيخه كذابان، وتعقبه السيوطي في " اللآليء " (2 / 227) بقوله: قلت اقتصر العراقي في " تخريج الإحياء " على تضعيفه، وله شاهد

قلت: ثم ساق من رواية الديلمي وهذا في " مسنده " (2 / 46) بسنده إلى سعيد ابن ميسرة سمعت أنس بن مالك يقول: تفكر ساعة في اختلاف الليل والنهار خير من عبادة ألف سنة

قلت: هذا مع كونه موقوفا ومغايرا للفظ الحديث فهو موضوع أيضا، سعيد بن ميسرة قال الذهبي: مظلم الأمر، وقال ابن حبان: يروي الموضوعات، وقال الحاكم روى عن أنس موضوعات، وكذبه يحيى القطان

قلت: فمثله لا يستشهد به ولا كرامة! ولذلك فقد أساء بذكره في جامعه

বাংলা

১৭৩। এক ঘণ্টা গবেষণা করা ষাট বছরের ইবাদতের থেকেও অতি উত্তম।

হাদীসটি জাল।

আবুশ শাইখ এটিকে “আল-আযমাহ” গ্রন্থে (১/২৯৭/৪২) উল্লেখ করেছেন এবং তার থেকে ইবনুল জাওযী “আল-মাওযু’আত” (৩/১৪৪) গ্রন্থে উসমান ইবনু আব্দিল্লাহ আল-কুরাশী সুত্রে ইসহাক ইবনু নাজীহ আল-মালতী হতে ... বর্ণনা করে বলেছেনঃ উসমান ও তার শাইখ তারা উভয়েই মিথ্যুক।

সুয়ূতী “আল-লাআলী” গ্রন্থে (২/২২৭) তার সমালোচনা করে বলেছেন যে, ইরাকী “তাখরীজুল ইহইয়া” গ্রন্থে হাদীসটিকে শুধুমাত্র দুর্বল আখ্যা দিয়ে বলেছেন তার শাহেদ রয়েছে।

আমি (আলবানী) বলছিঃ তিনি (ইরাকী) দাইলামীর বর্ণনায় উল্লেখ করেছেন এবং তিনি তার “মুসনাদ” গ্রন্থে (২/৪৬) নিজ সনদে সাঈদ ইবনু মায়সারা হতে বর্ণনা করেছেন, সাঈদ আনাস (রাঃ) হতে শুনেছেন, তাতে আনাস (রাঃ) বলেনঃ “রাত ও দিনের বিবর্তনের মাঝে এক ঘন্টা গবেষণা করা হাজার বছর ইবাদাত করা হতেও উত্তম।"

আমি (আলবানী) বলছিঃ এটি মওকুফ এবং এটিও জাল। এ সাঈদ সম্পর্কে যাহাবী বলেনঃ তার ব্যাপারটি অন্ধকারাচ্ছন্ন। ইবনু হিব্বান বলেনঃ তিনি জাল হাদীস বর্ণনাকারী। তার সম্পর্কে হাকিম বলেনঃ তিনি আনাস (রাঃ) হতে জাল হাদীস বর্ণনা করেছেন। তাকে ইয়াহইয়া আল-কাত্তান মিথ্যুক আখ্যা দিয়েছেন।

অতএব এরূপ সনদের হাদীস শাহেদ হতে পারে না।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5433

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন